# বাংলাদেশ কৃষি ব্যাংক

আইসিটি সিস্টেমস্,কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা,ঢাকা-১০০০।

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

প্রকা/আইসিটি(সিস্টেমস)/২১(০১)/২০১৯-২০২০/১৯৪৯ তারিখঃ ১৯-০৩-২০২০

**বিষয়ঃ কোভিড-১৯ বা নভেল করোনাভাইরাস প্রতিরোধে করনীয় সম্পর্কে বিশেষ নির্দেশনা।**

কোভিড-১৯ বা নভেল করোনাভাইরাস মূলত বাতাসের Air Droplet, হাঁচি, কাশি ইত্যাদি এমনকি পয়ঃনিস্কাশন ব্যবস্থার মাধ্যমেও ছড়াতে পারে। এছাড়াও আক্রান্ত ব্যক্তি বা ভাইরাস আছে এমন কোন কিছু স্পর্শ করে হাত না ধুয়ে- মুখ, নাক, চোখ স্পর্শ করলেও এ ভাইরাস ছড়ায়। কোভিড-১৯ বা নভেল করোনাভাইরাস সংক্রমণে সর্দি, কাশি, জ্বর, মাথাব্যথা, গলাব্যথা, শ্বাসকষ্ট হতে পারে। তাই কোভিড-১৯ বা নভেল করোনাভাইরাস প্রতিরোধে করনীয় সম্পর্কে অত্র ব্যাংকের সকলকে সচেতন থাকতে হবে।

২.০। কোভিড-১৯ বা নভেল করোনাভাইরাস সংক্রমণের প্রতিরোধকল্পে অদ্য ১৯-০৩-২০২০ ইং তারিখ সকাল ১১:০০ ঘটিকায় বাংলাদেশ কৃষি ব্যাংকের মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে এক জরুরী সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়গণ, মহাব্যবস্থাপক হিসাব ও নিরীক্ষা মহাবিভাগসহ প্রধান কার্যালয়স্থ সকল বিভাগের বিভাগীয় প্রধানগণের উপস্থিতিতে দেশে সম্ভাব্য চলমান নভেল করোনাভাইরাস সংক্রমণের বিরুদ্ধে ব্যাংকের সর্বস্তরে প্রতিরোধ ও সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ বিষয়ে গুরুত্বপূর্ণ আলোচনা হয়। আলোচনান্তে বর্তমানে উদ্ভূত পরিস্থিতি এবং সংকট মোকাবেলায় নিম্নরুপভাবে একটি "কোভিড-১৯ প্রতিরোধ কেন্দ্রীয় কমিটি" গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

**"কোভিড-১৯ প্রতিরোধ কেন্দ্রীয় কমিটি"**

| ক্রমঃ | নাম | পদবী ও বিভাগ | কমিটিতে পদবী |
|---|---|---|---|
| ০১. | জনাব মোঃ আফজাল করিম | উপ-ব্যবস্থাপনা পরিচালক-১<br>বাংলাদেশ কৃষি ব্যাংক | সভাপতি |
| ০২. | জনাব শিরীন আখতার | উপ-ব্যবস্থাপনা পরিচালক-২<br>বাংলাদেশ কৃষি ব্যাংক | সদস্য |
| ০৩. | জনাব মোঃ কাইসুল হক | উপ-ব্যবস্থাপনা পরিচালক-৩<br>বাংলাদেশ কৃষি ব্যাংক | সদস্য |
| ০৪. | জনাব পারভীন আকতার | মহাব্যবস্থাপক<br>হিসাব ও নিরীক্ষা মহাবিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা | সদস্য |
| ০৫. | জনাব মোঃ বদরুল জলিল | সিনিয়র স্বাস্থ্য উপদেষ্টা<br>বিকেবি, প্রকা, ঢাকা | সদস্য |
| ০৬. | জনাব মোঃ মামুনুর রশীদ | উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা | সদস্য |
| ০৭. | জনাব মোঃ মনিরুল ইসলাম | উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা | সদস্য |
| ০৮. | জনাব মোঃ সেলিম খান | সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে)<br>হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ-১, বিকেবি, প্রকা, ঢাকা | সদস্য |
| ০৯. | জনাব মোঃ মমিনুল ইসলাম তালুকদার | উপ-মহাব্যবস্থাপক, প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা | সদস্য সচিব |

৩.০। সভায় বিস্তারিত আলোচনাক্রমে সর্বসম্মতভাবে নিম্নরুপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

৩.১। প্রধান কার্যালয়ের দুইটি পৃথক প্রবেশমুখে পৃথক দুইটি "কোভিড-১৯ প্রতিরোধ ফ্রন্ট ডেস্ক" স্থাপন করতে হবে। উক্ত ডেস্কে ব্যাংকের একজন কর্মকর্তা ও একজন নিরাপত্তা কর্মী নিয়োজিত থাকবে। উক্ত ডেস্কে সার্বক্ষণিক হ্যান্ড স্যানিটাইজার/হ্যাক্সিসল ও উন্নতমানের থার্মাল স্ক্যানার (ইনফ্রারেড থার্মোমিটার) এর ব্যবস্থা রাখতে হবে। ডেস্কে কর্মরত সকলে নিজস্ব নিরাপত্তার জন্য এ্যাপ্রন, মাস্ক, হ্যান্ড গ্লাভস, ক্যাপ ইত্যাদি পরিধারন করবেন।

৩.২। সম্ভাব্য কোভিড-১৯ বা নভেল করোনাভাইরাস সংক্রমনের কারনে সার্বিক পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত ব্যাংকের কর্মকর্তা/কর্মচারী ব্যতিত অন্য কেউ বিনা অনুমতিতে প্রধান কার্যালয়ে প্রবেশ করতে পারবে না। তবে বিশেষ প্রয়োজনে ব্যাংকে প্রবেশের প্রয়োজনীয়তা থাকলে ফ্রন্ট ডেস্ক কর্মকর্তাদের মাধ্যমে "কোভিড-১৯ প্রতিরোধ কেন্দ্রীয় কমিটি"র সভাপতির পক্ষে সদস্য-সচিব বা কোন সদস্যের নিকট হতে ইন্টারকম/টেলিফোনিক যোগাযোগের মাধ্যমে অনুমোদন গ্রহন করতে হবে।

৩.৩। প্রধান কার্যালয়স্থ সকল কর্মকর্তা/কর্মচারী এবং অনুমোদিত দর্শনার্থীরা প্রতিবার ব্যাংক ভবনে প্রবেশের সময় প্রবেশদ্বারে রক্ষিত থার্মাল স্ক্যানারের মাধ্যমে শরীরের তাপমাত্রা পরীক্ষা করবেন। পরীক্ষান্তে সুস্থ প্রতীয়মান হলে যথাযথভাবে হ্যান্ড স্যানিটাইজার ব্যবহারান্তে নিয়মমেনে ব্যাংকে প্রবেশ করতে হবে। এক্ষেত্রে কোভিড- ১৯ প্রতিরোধে ফ্রন্ট ডেস্ককর্মীদেরকে সহযোগীতাপূর্বক শৃঙ্খলাবদ্ধভাবে ও ধৈর্য্যসহকারে যাবতীয় কার্যাদি সম্পন্ন করতে হবে।

৩.৪। ব্যাংকের সকল কর্মকর্তা/কর্মচারী পরিস্কার-পরিচ্ছন্ন পোশাকাদি পরিধান করবেন এবং ব্যক্তিগত সচেতনতা বজায় রাখবেন। সাধারন হাঁচি বা কাশির সময় শিষ্টাচার মেনে টিস্যু বা রুমাল ব্যবহার নিশ্চিত করবেন এবং নির্দিষ্ট সময় পর পর নূন্যতম ২০ সেকেন্ড যাবৎ সাবান-পানি বা স্যানিটাইজার দিয়ে হাত ধুতে হবে।

৩.৫। ব্যাংকের প্রকিউরমেন্ট বিভাগের তদারকীর মাধ্যমে প্রধান কার্যালয়স্থ সকল বিভাগের মেঝে, ওয়াসরুম, বেসিন ইত্যাদি পরিস্কার নিশ্চিত করতে হবে। পর্যাপ্ত পরিমান ফিনাইল, লিকুইড সোপ, অধিক ক্ষারযুক্ত সাবান ইত্যাদি সরবরাহপূর্বক বিভিন্ন বিভাগস্থ চেয়ার, সোফা, টেবিল, আলমিরা, দরজা ও অন্যান্য সকল হাতল, গ্লাস পার্টিশন ইত্যাদি পরিস্কার নিশ্চিত করবেন। এতদবিষয়ে স্ব স্ব বিভাগ হতে জোর তদারকি বজায় রাখতে হবে। পাশাপাশি পরিচ্ছন্নতা কর্মীদের মাধ্যমে নিয়মিতভাবে লিফট, সিড়ি, রেলিং, লবি পরিস্কার নিশ্চিত করতে হবে।

৩.৬। প্রধান কার্যালয়সহ ব্যাংকের সকল নিয়ন্ত্রণকারী কার্যালয় ও শাখায় কর্মরত নির্বাহী, কর্মকর্তা ও আইসিটি অপারেশন পরিচালনার কাজে নিয়োজিত সকলে ল্যাপটপ, কম্পিউটার, মাউস, কি-বোর্ড, টেলিফোন সেট, মোবাইল ফোন ইত্যাদি নিয়মিতভাবে জীবানুনাশকের মাধ্যমে শুকনোভাবে পরিষ্কার নিশ্চিত করবেন।

৩.৭। ব্যাংকের বিভিন্ন আউট সোর্সিং সেবাদাতাগণ বিশেষ প্রয়োজনে "কোভিড-১৯ প্রতিরোধ কেন্দ্রীয় কমিটি" এর অনুমোদনক্রমে ব্যাংকে প্রবেশাধিকার পাবেন। এতদ্বিষয়ে বিভাগসমূহ তাদের স্ব স্ব দর্শনার্থীদেরকে অবহিত করবেন এবং অনুমতিপ্রাপ্ত দর্শনার্থীদের একটি তালিকা সংরক্ষণ করবেন। প্রধান কার্যালয়ে আপত সাধারন দর্শনার্থীদের ক্ষেত্রে কর্মকর্তা/কর্মচারীরা টেলিফোন বা মোবাইলে যোগাযোগ করবেন বা প্রয়োজনবোধে নীচতলায় এসে সতর্কতার সাথে দেখা করবেন।

৩.৮। সকল বিভাগীয় কার্যালয়ে মহাব্যবস্থাপকের সভাপতিত্বে ০৫ সদস্য বিশিষ্ট "কোভিড-১৯ প্রতিরোধ আঞ্চলিক কমিটি" গঠন করতে হবে। উক্ত কমিটি স্ব স্ব বিভাগীয় অঞ্চলের আওতাধীন সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে নিবিড় তদারকি বজায় রাখবেন ও শাখার সকল কর্মকর্তা/কর্মচারীর স্যানিটাইজেশনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। সকল পর্যায়ের শাখা ও কার্যালয়ে উপস্থিত কেউ শুষ্ক কাশি, জ্বর, অসুস্থতা বোধ করলে তার বিষয়ে দ্রুত সিদ্ধান্ত নিতে হবে।

৩.৯। ব্যাংকের সকল শাখার ক্যাশে কর্মরত কর্মকর্তা/কর্মচারীরা আবশ্যিকভাবে হ্যান্ড গ্লাভস এবং মাস্ক পরিধান করবেন।

৩.১০। ব্যাংকের সকল গাড়ী চালককে স্যানিটাইজেশন সম্পর্কে সচেতন করতে হবে এবং গাড়ীতে স্যানিটাইজার সরবরাহ করতে হবে।

৩.১১। ব্যাংকের বিভিন্ন সেবাসামগ্রী ও কুরিয়ার সরবরাহকারীগণ প্রধান কার্যালয়স্থ প্রথম তলাতে প্রবেশাধিকার পাবেন এবং সিকিউরিটি ডেস্কে মালামাল/চিঠি সরবরাহ করবেন। সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা/কর্মচারীরা উক্ত মালামাল নিচতলা হতে গ্রহণ করবেন।

৩.১২। ব্যাংকের Data Center, DRS, BACH Cell, SWIFT Cell, ATM Cell & Booth, Remittance Cell, RTGS Cell সহ অন্যান্য সকল সার্ভাররুমে কর্মরত সকলে ব্যক্তিগত স্বাস্থ্য সচেতনতা মেনে সেবা কার্যক্রম নিরবিচ্ছন্ন রাখবেন। উল্লেখিত সেলসমূহে কর্মরত কর্মকর্তা ছাড়া অন্য সকলের বিনা অনুমতিতে প্রবেশ নিষিদ্ধ।

৩.১৩। জরুরী প্রয়োজনে বিভিন্ন দাপ্তরিক সভায় উপস্থিত সকলের মুখোমুখি বৈঠক এড়িয়ে চলতে হবে, আসন বিন্যাসের ক্ষেত্রে নিরাপদ দূরত্ব বজায় রাখতে হবে। প্রয়োজন অনুযায়ী মাস্ক ও স্যানিটাইজার ব্যবহার নিশ্চিত করতে হবে।

৩.১৪। যে কোনো জ্বর, সর্দি, কাশি ইত্যাদির ক্ষেত্রে বাড়তি সতর্কতা নিশ্চিত করতে হবে। এরুপ উপসর্গের ক্ষেত্রে ব্যাংকের শাখা ও বিভিন্ন কার্যালয় পর্যায়ে কর্মরত সকলে জরুরীভিত্তিতে চিকিৎসকের পরামর্শ গ্রহণ করবেন এবং প্রধান কার্যালয়স্থ সকলকে প্রাথমিকভাবে ব্যাংকের সিনিয়র স্বাস্থ্য উপদেষ্টার পরামর্শ গ্রহনপূর্বক স্ব স্ব বিভাগে রিপোর্ট করতে হবে। জরুরী প্রয়োজনে স্বাস্থ্য অধিদপ্তরের হটলাইন নম্বর ১৬২৬৩ (স্বাস্থ্য বাতায়ন), ৩৩৩ অথবা IEDCR এর হটলাইন নম্বরসমূহে ০১৯৪৪৩৩৩২২২, ০১৯৩৭০০০০১১, ০১৯৩৭১১০০১১, ০১৯২৭৭১১৭৮৪, ০১৯২৭৭১১৭৮৫ যোগাযোগ করতে হবে।

৩.১৫। বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারীদেরকে করোনাভাইরাসের সংক্রমণ প্রতিরোধে সচেতন থাকতে হবে। এক্ষেত্রে স্বাস্থ্য অধিদপ্তর, IEDCR সহ অন্যান্য সরকারী নির্দেশনা মেনে ব্যক্তিগত স্বাস্থ্য সচেতনতা বজায় রাখতে হবে।

৪.০। কোভিড-১৯ বা নভেল করোনাভাইরাসের সংক্রমণ ছড়িয়ে পড়া রোধে কর্মস্থল ও বাড়িতে সব ধরণের প্রস্তুতি ও সচেতনতা অবলম্বন করতে হবে এবং উপরোক্ত নির্দেশনাসমূহ অবিলম্বে বাস্তবায়ন করতে হবে।

১৯/০৩/২০২০

(মোঃ আফজাল করিম)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
ও
সভাপতি
"কোভিড-১৯ প্রতিরোধ কেন্দ্রীয় কমিটি"

---

প্রকা/আইসিটি(সিস্টেমস)/২১(০১)/২০১৯-২০২০/১৯৪৯ তারিখঃ ১৯-০৩-২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার উপ-ব্যবস্থাপনা পরিচালক-১,২,৩ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। স্টাফ অফিসার, অধ্যক্ষ মহোদয়ের দপ্তর, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। উপ-মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়/ সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। ব্যবস্থাপক, সকল শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। নথি/ মহানথি।

১৯/০৩/২০২০

(মোঃ মমিনুল ইসলাম তালুকদার)
উপ-মহাব্যবস্থাপক
প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহন বিভাগ
ও
সদস্য-সচিব, "কোভিড-১৯ প্রতিরোধ কেন্দ্রীয় কমিটি"